

বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ২০২০-২১ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ১০ জুন। এর আগে মে মাসের শেষ সপ্তাহে প্রিলিমিনারি (প্রাথমিক বাছাই) পরীক্ষা নেওয়া হবে। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের সভায় এ সিদ্ধান্ত হয়েছে।

বুয়েটের সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, এবারই প্রথম চূড়ান্ত পরীক্ষার আগে ভর্তিচ্ছুদের একটি প্রিলিমিনারি পরীক্ষা নেওয়া হবে। বেশিরভাগ শিক্ষার্থীকে সুযোগ দিতেই এ

সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

গতকাল মঙ্গলবার বুয়েটের উপাচার্য অধ্যাপক সত্য প্রসাদ মজুমদার বলেন, এবার এইচএসসি ও সমমান পরীক্ষার ফল অনেক ভালো হয়েছে। তাই বুয়েটে অনেক শিক্ষার্থী আবেদন করবেন। তবে সবার ভর্তি পরীক্ষা নেওয়া তাদের পক্ষে সম্ভব নয়। সেজন্য প্রাথমিকভাবে শিক্ষার্থীদের বাছাই করা হবে।